# সিটিজেন চার্টার

সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়

**সিটিজেন চার্টার**

**সমাজসেবা অধিদফতর**

ই ৮/বি ১, আগারগাঁও
শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮ ০২ ৯১৩ ১৯ ৬৬
ফ্যাক্স: +৮৮ ০২ ৮১১ ০০ ৭৪
E-mail: sseba@citechco.net

প্রকাশকাল জুলাই ২০০৮ (অনলাইন সংস্করণ ফেব্রুয়ারি ২০১০)

মুদ্রণে: বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়

# মুখবন্ধ

বর্তমান সময়ে জনপ্রশাসন ও প্রাতিষ্ঠানিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন সূচিত হয়েছে। জনচাহিদা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতার সমন্বয় সাধনের মাধ্যমে নাগরিকদের কার্যকর ও ফলপ্রসূ সেবা প্রদান এখন প্রাতিষ্ঠানিক দায়িত্বের মূল লক্ষ্য হিসেবে বিশ্বব্যাপী স্বীকৃত। এ লক্ষ্য অর্জনের ক্ষেত্রে 'নাগরিক সনদ' একটি গুরুত্বপূর্ণ দলিল। 'নাগরিক সনদ' সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে যথাযথ ও কার্যকরভাবে সেবা প্রদানের সুস্পষ্ট অঙ্গীকার যার মাধ্যমে প্রদেয় সেবা, সেবার মান ও সেবা প্রদানের সময়সীমা সম্পর্কে নাগরিকদের অবহিত করা হয়। এর মাধ্যমে দক্ষতা ও দ্রুততার সঙ্গে সেবা প্রদানের পাশাপাশি সেবা কার্যক্রমে সচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করা সম্ভব হয়।

নব্বই এর দশকে ইংল্যান্ডে 'সেবাই মুখ্য' এই প্রণোদনা থেকে নাগরিক সনদের ধারণার উদ্ভব হলেও আজ পৃথিবীর বিভিন্ন দেশে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ 'নাগরিক সনদ' প্রণয়ন ও প্রচারের মাধ্যমে সুপরিকল্পিতভাবে সেবা কার্যক্রম পরিচালনা করছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে গত ০৮/০৩/২০০৮ খ্রিষ্টাব্দ তারিখে ৪৩.৫১.৩০.০০.০০.০১.২০০৮-১১৮ (৫১) সংখ্যক স্মারকের মাধ্যমে মন্ত্রণালয়/ বিভাগ ও অধিনস্ত সেবামূলক দফতর/ সংস্থাসমূহের সিটিজেন চার্টার প্রণয়ন ও তা প্রচারের নির্দেশনা প্রদান করা হয়েছে। এই প্রেক্ষাপটে সমাজসেবা অধিদফতর দেশের দরিদ্র, দুস্থ, বিপন্ন ও অনগ্রসর জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা প্রদান ও তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বিভিন্ন ধরণের সেবা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করছে। এ অধিদফতরের কার্যক্রম দেশের তৃণমূলে বিস্তৃত, কাজের পরিধি অত্যন্ত ব্যাপক, বহুমাত্রিক ও সংবেদনশীল। সারাদেশে সদর কার্যালয়সহ জেলা ও উপজেলা পর্যায়ে ৭৩৫টি কার্যালয় ও ৪২টি প্রাতিষ্ঠানিক কার্যক্রমের মাধ্যমে এ দফতর লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সেবা পৌঁছে দিচ্ছে।

সমাজসেবা অধিদফতরের বিদ্যমান প্রাতিষ্ঠানিক সক্ষমতার আলোকে এই নাগরিক সনদ প্রণয়ন করা হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং-সকম/প্রতিঃ-৩/সিটিজেট চার্টার-১৭/২০০৭-৫১০ তারিখঃ ০১/০৭/২০০৮ খ্রিঃ মূলে এ সনদ প্রকাশ ও প্রচারের অনুমোদন জ্ঞাপন করা হয়েছে। সমাজসেবা অধিদফতরের বিভিন্ন কর্মসূচির প্রকৃতি ও ধরণ আলাদা হওয়ায় সনদে কর্মসূচি ভিত্তিক প্রদেয় সেবার বর্ণনা লিপিবদ্ধ হয়েছে। সেই সঙ্গে নাগরিকদের অধিকার, কর্তব্য ও দায়িত্বেরও উল্লেখ রয়েছে।

আমাদের অভিপ্রায় এ সনদ সমাজসেবা অধিদফতরের সেবা প্রদান কার্যক্রমকে আরো গতিশীল করার পাশাপাশি কর্মকর্তাদের পেশাগত দক্ষতা ও নৈতিক মান বৃদ্ধির ক্ষেত্রে সহায়ক হবে। এর মাধ্যমে অধিদফতরের কার্যক্রমে জনসম্পৃক্ততা বৃদ্ধি পাবে যা স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় অনন্য ও তাৎপর্যময় ভূমিকা রাখবে।

এই সনদের লক্ষ্য ও উদ্দেশ্য সাধনে আমরা সার্বিক নাগরিক সহযোগিতা প্রত্যাশা করি।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর

# সিটিজেন চার্টার

## সমাজসেবা অধিদফতর

**ভূমিকাঃ**

সমাজসেবা অধিদফতরের কার্যক্রম ও প্রদেয় সেবা সম্পর্কে জনগণকে অবহিত করা, তাদের অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন করা এবং সেবার মান উন্নয়ন ও সেবা প্রদানে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সমাজসেবা অধিদফতর সিটিজেন চার্টার প্রকাশ করছে। এ চার্টারটি সমাজসেবা অধিদফতর কর্তৃক দক্ষতা ও দ্রুততার সাথে যথাযথভাবে নাগরিকদের সেবা প্রদানের একটি অঙ্গীকার এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের প্রচেষ্টায় জনগণের সম্পৃক্ততা ও সহযোগিতা প্রাপ্তির আশাবাদ।

সমাজসেবা অধিদফতর নিম্নোক্ত লক্ষ্যে সিটিজেন চার্টার তৈরি করেছেঃ

- সমাজসেবা অধিদফতর কর্তৃক নাগরিকদের প্রদেয় সকল ধরনের সেবা সম্পর্কে জনগণকে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান;
- সমাজসেবা অধিদফতরের সেবা প্রদানের সময়সীমা এবং এ সম্পর্কে নাগরিকদের অধিকার এবং কর্তব্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা;
- সমাজসেবা অধিদফতরের সেবা কেন্দ্রসমূহের নেটওয়ার্ক দেশব্যাপী জনগণের হাতের নাগালের মধ্যে বিস্তৃত করা;
- সমাজসেবা অধিদফতরের সেবা প্রদানের সক্ষমতা বৃদ্ধি করা ও জন চাহিদার আলোকে দক্ষতা ও দ্রুততার সাথে যথাযথ সেবা প্রদান নিশ্চিত করা;
- সমাজসেবা অধিদফতরের সেবা কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করা;
- পারস্পরিক সহযোগিতা এবং সমন্বিত উদ্যোগের মাধ্যমে দারিদ্র্যমুক্ত, উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে সমাজসেবা অধিদফতরের সমাজকর্মে জনগণকে সম্পৃক্ত করা।

**১. সমাজসেবা অধিদফতরের ভিশন ও মিশন স্টেটমেন্টঃ**

**১.১. ভিশনঃ**

সমাজের অনগ্রসর, বঞ্চিত, দরিদ্র ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর কল্যাণ সাধন, সামাজিক নিরাপত্তা প্রদান এবং ক্ষমতায়নের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।

**১.২. মিশনঃ**

- ২০১৫ সালের মধ্যে দেশের শতকরা ৫০ ভাগ অসহায় ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা প্রদান;
- সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদানের মাধ্যমে ২০১৫ সালের মধ্যে দেশের শতকরা ৫০ ভাগ দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন;
- এতিম, অবহেলিত, দুস্থ ও বিপন্ন শিশুদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন;
- সামাজিক অপরাধপ্রবণ ব্যক্তিদের সংশোধন, উন্নয়ন ও পুনর্বাসন;
- অসহায়, দুস্থ রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান;
- প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন;
- স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহকে নিবন্ধন প্রদান, তাদের কার্যক্রমে সহায়তা প্রদান ও তত্ত্বাবধান।

- সামাজিক প্রতিবন্ধী মেয়েদের কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন;
- সামাজিক অনাচার প্রতিরোধে সহায়তা প্রদান ও উদ্বুদ্ধকরণ,
- পেশাজীবী সমাজকর্মীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান;
- এসিডদগ্ধ মহিলাদের সহায়তা ও উন্নয়ন।

## ২. সমাজসেবা অধিদফতরের সেবা গ্রহীতা

২.১. অনগ্রসর, দরিদ্র ও নিম্ন আয়ের জনগোষ্ঠী;

২.২. অসচ্ছল, অসহায় ও সমস্যাগ্রস্ত প্রবীণ ব্যক্তি

২.৩. মুক্তিযোদ্ধা

২.৪. পিতৃহীন, পিতৃমাতৃহীন, অবহেলিত, দুস্থ , বিপদাপন্ন, পিতামাতার যত্নবঞ্চিত ও প্রতিবন্ধী শিশু;

২.৫. সামাজিক অপরাধপ্রবণ ব্যক্তি;

২.৬. আইনের সংস্পর্শে আসা শিশু;

২.৭. অসহায়, দুস্থ রোগী;

২.৮. প্রতিবন্ধী ব্যক্তি;

২.৯. সামাজিক অনাচার/পাচারের শিকার শিশু ও মহিলা;

২.১০. পেশাজীবী সমাজকর্মী;

২.১১. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা;

২.১২. সরকারি বেসরকারি সহযোগী সংস্থা।

## ৩. সমাজসেবা অধিদফতরের কার্যালয় ও প্রতিষ্ঠানসমূহ

### ৩.১. সদর কার্যালয় ১টি

#### ৩.১.১. প্রশাসন ও অর্থ অধিশাখা

সমাজসেবা অধিদফতরের প্রশাসন, অর্থ, বাজেট, শৃঙ্খলা, তদন্ত, পরিকল্পনা, গবেষণা, মূল্যায়ন, প্রশিক্ষণ, প্রকাশনা, গণসংযোগ, ভাণ্ডার সংরক্ষণ, যন্ত্রপাতি, মুদ্রণ ও মনোহারী দ্রব্য ও যানবাহন ইত্যাদি সংগ্রহ ও ব্যবস্থাপনার কাজ এই অধিশাখা করে থাকে।

পরিচালক (প্রশাসন ও অর্থ) এর নেতৃত্বে ১ জন অতিরিক্ত পরিচালক, ৩ জন উপপরিচালক, ১ জন অধ্যক্ষ, ৮ জন সহকারী পরিচালক, ১ জন উপাধ্যক্ষ, ১২ জন সমাজসেবা অফিসার সদর দপ্তর পর্যায়ে প্রশাসন ও অর্থ সংক্রান্ত দায়িত্ব সম্পাদন করে থাকেন।

**প্রশাসন ও অর্থ অধিশাখা আওতাধীন শাখা/সেলসমূহ:**

৩.১.১.১. পরিকল্পনা শাখা

৩.১.১.২. প্রশাসন শাখা

- ৩.১.১.২.১. প্রশাসন-১ (গেজেটেড)
- ৩.১.১.২.২. প্রশাসন-২ (নন-গেজেটেড)
- ৩.১.১.২.৩. অর্থ শাখা
- ৩.১.১.২.৪. অডিট ও হিসাব সেল
- ৩.১.১.২.৫. গোপনীয়, শৃঙ্খলা ও তদন্ত সেল
- ৩.১.১.২.৬. ভান্ডার, যন্ত্রপাতি ও যানবাহন শাখা

৩.১.১.৩. গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ শাখা

### ৩.১.২. কার্যক্রম অধিশাখা

সমাজসেবা অধিদফতরের ক্ষুদ্রঋণ কর্মসূচিসমূহ, বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি, চিকিৎসা ও প্রবেশন কর্মসূচি, নিবন্ধনসহ সকল কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং এর কাজ এই অধিশাখার মাধ্যমে সম্পাদিত হয়।

পরিচালক (কার্যক্রম) এর নেতৃত্বে ২ জন অতিরিক্ত পরিচালক, ৪ জন উপপরিচালক, ৭ জন সহকারী পরিচালক, ২ জন উপসহকারী পরিচালক, ১২ জন সমাজসেবা অফিসার সদর দপ্তর পর্যায়ে দায়িত্ব সম্পাদন করে থাকেন।

**কার্যক্রম অধিশাখা আওতাধীন শাখা/সেলসমূহ:**

৩.১.২.১. কর্মসূচি বাস্তবায়ন ও মনিটরিং শাখা
৩.১.২.২. মাতৃকেন্দ্র ও মার্কেটিং শাখা
৩.১.২.৩. বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধ ভাতা, প্রতিবন্ধী ভাতা ও উপবৃত্তি সেল
৩.১.২.৪. শহর সমাজসেবা কর্মসূচি শাখা
৩.১.২.৫. চিকিৎসা ও প্রবেশন কর্মসূচি শাখা
৩.১.২.৬. নিবন্ধন শাখা

### ৩.১.৩. প্রতিষ্ঠান অধিশাখা

সমাজসেবা অধিদফতরের প্রতিষ্ঠান শাখা এতিম ও অনাথ শিশু, প্রতিবন্ধী, দুস্থ, ভবঘুরে, অপরাধপ্রবণ ও সামাজিক প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে সংশ্লিষ্ট সকল প্রাতিষ্ঠানিক কার্যক্রমের বাস্তবায়ন, নিয়ন্ত্রণ ও মনিটরিং কাজ এই অধিশাখার মাধ্যমে সম্পাদিত হয়।

পরিচালক (প্রতিষ্ঠান) এর নেতৃত্বে ১ জন অতিরিক্ত পরিচালক, ১ জন অধ্যক্ষ (অতিরিক্ত পরিচালক), ৩ জন উপপরিচালক, ৫ জন সহকারী পরিচালক, ১ জন সমাজসেবা অফিসার সদর দপ্তর পর্যায়ে দায়িত্ব সম্পাদন করে থাকেন।

**প্রতিষ্ঠান অধিশাখা আওতাধীন শাখা/সেলসমূহ:**

৩.১.৩.১. শিশু অনাথ ও প্রতিবন্ধী কর্মসূচি শাখা
৩.১.৩.২. সরকারি শিশু পরিবার শাখা
৩.১.৩.৩. বেসরকারি এতিমখানা ও শিশু কল্যাণ শাখা
৩.১.৩.৪. প্রতিবন্ধী শাখা
৩.১.৩.৫. ভবঘুরে নিয়ন্ত্রণ শাখা
৩.১.৩.৬. বাস্তবায়ন ও মনিটরিং শাখা
৩.১.৩.৭. প্রকৌশল সেল

**সমাজসেবা অধিদফতরের অন্যান্য কার্যালয়:**

৩.২. জেলা সমাজসেবা কার্যালয় ৬৪ টি
৩.৩. শহর সমাজসেবা কার্যালয় ৮০ টি
৩.৪. প্রবেশন অফিসারের কার্যালয় ২২ টি
৩.৫. হাসপাতাল/ চিকিৎসা সমাজসেবা কার্যালয় ৮৭ টি
৩.৬. উপজেলা সমাজসেবা কার্যালয় ৪৮১ টি

**সমাজসেবা অধিদফতরের প্রতিষ্ঠান:**

৩.৭. জাতীয় সমাজসেবা একাডেমী ১টি
৩.৮. আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ৬টি

৩.৯. শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র ১টি
৩.১০. জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র ১টি
৩.১১. ব্রেইল প্রেস ১টি
৩.১২. কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র ১টি
৩.১৩. "মৈত্রী শিল্প" (প্লাষ্টিক সামগ্রী উৎপাদন কেন্দ্র ও মুক্তা মিনারেল ওয়াটার প্লান্ট) ১টি
৩.১৪. সরকারি শিশু পরিবার ৮৫ টি
৩.১৫. কিশোর/কিশোরী উন্নয়ন কেন্দ্র ৩টি
৩.১৬. ছোটমনি নিবাস ৬ টি
৩.১৭. দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র ১ টি
৩.১৮. দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র ৩ টি
৩.১৯. প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র ৫ টি
৩.২০. সমন্বিত অন্ধ শিক্ষা কার্যক্রম ৬৪ টি
৩.২১. শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় ৭টি
৩.২২. দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয় ৫ টি
৩.২৩. বুদ্ধি (মানসিক) প্রতিবন্ধী বিদ্যালয় ১টি
৩.২৪. সরকারি (ভবঘুরে) আশ্রয় কেন্দ্র ৬টি
৩.২৫. দুস্থ ও ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র ৫ টি
৩.২৬. সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র ৬ টি
৩.২৭. মহিলা ও শিশু-কিশোরী নিরাপদ হেফাজতিদের আবাসন (সেফ হোম) ৬ টি
৩.২৮. মহিলাদের আর্থ সামাজিক প্রশিক্ষণ কেন্দ্র ৩ টি

## ৪. সমাজসেবা অধিদফতর জনগণকে নিম্নলিখিত সেবাসমূহ দিয়ে থাকে

### ৪.১. আর্থ-সামাজিক উন্নয়ন সেবা (সুদমুক্ত ঋণ)

৪.১.১. পল্লী সমাজসেবা কার্যক্রম
৪.১.২. পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম
৪.১.৩. এসিডদগ্ধ ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম
৪.১.৪. শহর সমাজসেবা কার্যক্রম
৪.১.৫. আশ্রয়ন/আবাসন কার্যক্রম

### ৪.২. সামাজিক নিরাপত্তা সেবা

৪.২.১. বয়স্ক ভাতা কার্যক্রম
৪.২.২. অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম
৪.২.৩. প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি
৪.২.৪. মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা

### ৪.৩. এতিম, অবহেলিত, দুস্থ ও বিপন্ন শিশুদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন

৪.৩.১. সরকারি শিশু পরিবারে এতিম শিশু প্রতিপালন ও পুনর্বাসন
৪.৩.২. ছোটমনি নিবাসে শিশু প্রতিপালন ও পুনর্বাসন
৪.৩.৩. দিবাকালীন শিশু যত্ন কার্যক্রম
৪.৩.৪. দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম
৪.৩.৫. প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম
৪.৩.৬. বিপন্ন শিশুদের সুরক্ষা কার্যক্রম

**৪.৪. প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন**

৪.৪.১. প্রতিবন্ধিতা সনদ প্রদান

৪.৪.২. সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম

৪.৪.৩. শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় পরিচালনা

৪.৪.৪. দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয় পরিচালনা

৪.৪.৫. বুদ্ধি (মানসিক) প্রতিবন্ধী বিদ্যালয় পরিচালনা

৪.৪.৬. শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পুনর্বাসন

৪.৪.৭. জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম

৪.৪.৮. ব্রেইল প্রেস পরিচালনা

৪.৪.৯. কৃত্রিম অঙ্গ উৎপাদন ও বিপণন

৪.৪.১০.মৈত্রী শিল্প থেকে প্লাস্টিক সামগ্রী ও মুক্তা বিশুদ্ধ পানি উৎপাদন ও বিপণন

**৪.৫. ভবঘুরে ও সামাজিক অপরাধপ্রবণদের উন্নয়ন ও পুনর্বাসন**

৪.৫.১. কিশোর/কিশোরী উন্নয়ন কেন্দ্র পরিচালনা

৪.৫.২. সরকারি (ভবঘুরে) আশ্রয় কেন্দ্র পরিচালনা

৪.৫.৩. প্রবেশন ও আফটার কেয়ার কর্মসূচি বাস্তবায়ন

**৪.৬. অসহায়, দুস্থ রোগীদের অধিকার সুরক্ষা, কল্যাণ ও পুনর্বাসন**

৪.৬.১. হাসপাতাল/ চিকিৎসা সমাজসেবা কার্যক্রম

৪.৬.২. দগ্ধজনিত কারণে ক্ষতিগ্রস্ত ও দুস্থ ব্যক্তিদের চিকিৎসা ও পুনর্বাসন

**৪.৭. সামাজিক অনাচার প্রতিরোধে সহায়তা**

৪.৭.১. সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন

৪.৭.২. মহিলা ও শিশু-কিশোরী নিরাপদ হেফাজতিদের আবাসন (সেফ হোম)

**৪.৮. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ**

৪.৮.১. জাতীয় সমাজসেবা একাডেমী পরিচালনা

৪.৮.২. আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা

৪.৮.৩. মহিলাদের আর্থ সামাজিক প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা

৪.৮.৪. জেলা, উপজেলা ও শহর পর্যায়ে আর্থ-সামাজিক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

**৪.৯. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহকে নিবন্ধন ও সহায়তা**

৪.৯.১. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিবন্ধন ও তত্ত্বাবধান

৪.৯.২. বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রদান

৪.৯.৩. সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে নিবন্ধনপ্রাপ্ত সংস্থাসমূহে অনুদান প্রদানে সহায়তা

৪.৯.৪. স্বেচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সাথে উন্নয়ন কার্যক্রম পরিচালনা

৪.৯.৫. স্বেচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সাথে সমঝোতা

৪.৯.৬. এডভোকেসি, জাতীয় আন্তর্জাতিক দিবস পালনের মাধ্যমে গণসচেতনতা।

**৫.১০ সমাজসেবা অধিদফতর হতে প্রদেয় সেবাসমূহের বিবরণী:**

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | **আর্থ-সামাজিক উন্নয়ন সেবা (সুদমুক্ত ঋণ)** | | | | |
| ১. | পল্লী সমাজসেবা কার্যক্রম | ▪ পল্লী অঞ্চলের দরিদ্র জনগণকে সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় আনয়ন;<br>▪ সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;<br>▪ ৫ হাজার থেকে ১০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান;<br>▪ লক্ষ্যভুক্ত ব্যক্তিদের নিজস্ব পুঁজি গঠনের জন্য সঞ্চয় বৃদ্ধি। | নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা, যিনি:-<br>▪ আর্থ সামাজিক জরিপের মাধ্যমে সমাজসেবা অধিদফতরে তালিকাভুক্ত পল্লী সমাজসেবা কার্যক্রমের কর্মদলের সদস্য/সদস্যা;<br>▪ সুদমুক্ত ঋণ ও অন্যান্য সেবা প্রাপ্তির জন্য 'ক' ও 'খ' শ্রেণীভুক্ত দরিদ্রতম ব্যক্তি অর্থাৎ যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ২৫ হাজার টাকা পর্যন্ত;<br>▪ সুদমুক্ত ঋণ ব্যতীত অন্যান্য সেবা প্রাপ্তির জন্য 'গ' শ্রেণীভুক্ত ব্যক্তি অর্থাৎ যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় ২৫ হাজার টাকার ঊর্ধে। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর:-<br>▪ ১ম বার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে;<br>▪ ২য়/ ৩য় পর্যায়ের ঋণ (পুনঃবিনিয়োগ) গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে। | ৪৮১টি উপজেলা সমাজসেবা কার্যালয় |
| ২. | পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম | ▪ পল্লী অঞ্চলে দরিদ্র নারীদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় আনয়ন;<br>▪ পরিকল্পিত পরিবার তৈরিতে সহায়তা;<br>▪ জাতীয় জনসংখ্যা কার্যক্রম বাস্তবায়ন;<br>▪ সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়ন;<br>▪ ৩ হাজার থেকে ৫ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান;<br>▪ লক্ষ্যভুক্ত নারীদের সংগঠিত করে সঞ্চয় বৃদ্ধির মাধ্যমে পুঁজি গঠন। | নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা, যিনি:-<br>▪ আর্থ সামাজিক জরিপের মাধ্যমে সমাজসেবা অধিদফতরে তালিকাভুক্ত পল্লী মাতৃকেন্দ্রের সদস্য; এবং<br>▪ সুদমুক্ত ঋণ ও অন্যান্য সেবা প্রাপ্তির জন্য 'ক' ও 'খ' শ্রেণীভুক্ত দরিদ্রতম নারী যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ২৫ হাজার টাকা পর্যন্ত;<br>▪ সুদমুক্ত ঋণ ব্যতীত অন্যান্য সেবা প্রাপ্তির জন্য 'গ' শ্রেণীভুক্ত নারী যার মাথাপিছু | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর:-<br>▪ ১ম বার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে;<br>▪ ২য়/ ৩য় পর্যায়ের ঋণ (পুনঃবিনিয়োগ) গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে। | ৩১৮টি উপজেলা সমাজসেবা কার্যালয় এবং পল্লী এলাকায় স্থাপিত ১২,৯৫৬ টি মাতৃকেন্দ্র। |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | বার্ষিক পারিবারিক আয় ২৫ হাজার টাকার ঊর্ধে। | | |
| ৩. | এসিডদগ্ধ ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম | ▪ ৫ হাজার থেকে ১৫ হাজার টাকা ক্ষুদ্রঋণ | ▪ এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তি যাদের বাৎসরিক আয় ২০,০০০ (বিশ হাজার) টাকার নিচে। | ▪ ১ম বার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে;<br>▪ ২য়/ ৩য় পর্যায়ের ঋণ (পুনঃবিনিয়োগ) গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে। | ▪ ৪৮১টি উপজেলা সমাজসেবা কার্যালয়;<br>▪ ৮০টি শহর সমাজসেবা কার্যালয়। |
| ৪. | শহর সমাজসেবা কার্যক্রম | ▪ শহর এলাকায় দরিদ্র জনগণকে সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় আনয়ন;<br>▪ সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;<br>▪ ৫ হাজার থেকে ১০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান;<br>▪ লক্ষ্যভুক্ত ব্যক্তিদের নিজস্ব সঞ্চয় বৃদ্ধির মাধ্যমে পুঁজি গঠন। | নির্বাচিত মহল্লার স্থায়ী বাসিন্দা, যিনি:-<br>▪ আর্থ সামাজিক জরিপের মাধ্যমে সমাজসেবা অধিদফতরে তালিকাভুক্ত শহর সমাজসেবা কার্যক্রম কর্মদলের সদস্য;<br>▪ সুদমুক্ত ঋণ ও অন্যান্য সেবা প্রাপ্তির জন্য 'ক' ও 'খ' শ্রেণীভুক্ত দরিদ্রতম ব্যক্তি যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত;<br>▪ সুদমুক্ত ঋণ ব্যতীত অন্যান্য সেবা প্রাপ্তির জন্য 'গ' শ্রেণীভুক্ত ব্যক্তি যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় ১০ হাজার টাকার ঊর্ধে। | ▪ ১ম বার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে;<br>▪ ২য়/ ৩য় পর্যায়ের ঋণ (পুনঃবিনিয়োগ) গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে। | ▪ ৬৪ টি জেলা শহরে ৮০টি শহর সমাজসেবা কার্যালয় |
| ৫. | আশ্রয়ন/আবাসন কার্যক্রম | ▪ আশ্রয়ন প্রকল্পে বসবাসকারী দরিদ্র ব্যক্তিদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসা; | ▪ নির্বাচিত আশ্রয়ন কেন্দ্রের বাসিন্দা;<br>▪ আশ্রয়ন কেন্দ্রের সমিতির সদস্য। | ▪ ১ম বার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে; | ৫৭টি জেলার ১৮০টি উপজেলার উপজেলা সমাজসেবা অফিস। |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ▪ পরিকল্পিত পরিবার তৈরিতে সহায়তা প্রদান;<br>▪ সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;<br>▪ ২ হাজার থেকে ১৫ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান;<br>▪ সদস্যদের সঞ্চয় বৃদ্ধিকরণ। | | ▪ ২য়/ ৩য় পর্যায়ের ঋণ (পুনঃবিনিয়োগ) গ্রহণ এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে। | |
| | **সামাজিক নিরাপত্তা সেবা** | | | | |
| ৬. | বয়স্ক ভাতা কার্যক্রম | ▪ সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে বয়স্ক ভাতা প্রদান। এ জন্য ২০০৯-১০ অর্থ বছরে নির্বাচিত বয়স্ক ব্যক্তিদের জনপ্রতি মাসিক ৩০০ টাকা হারে ভাতা প্রদান। | ▪ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও উপজেলার ৬৫ বছর বা তদূর্ধ বয়সী হতদরিদ্র মহিলা বা পুরুষ, যার বার্ষিক গড় আয় অনূর্ধ ৩,০০০ (তিন হাজার ) টাকা;<br>▪ শারীরিক ভাবে অক্ষম ও কর্মক্ষমতাহীন প্রবীণ পুরুষ ও মহিলাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়;<br>▪ তালাকপ্রাপ্ত, স্বামী পরিত্যক্ত, বিপত্নীক, নিঃসন্তান, পরিবার থেকে বিচ্ছিন্ন প্রবীণ পুরুষ ও নারীদের অগ্রাধিকার দেয়া হয়;<br>▪ যে সকল প্রবীণ ব্যক্তির আয়কৃত অর্থের সম্পূর্ণ অর্থ খাদ্য বাবদ ব্যয় হয় এবং স্বাস্থ্য, চিকিৎসা, বাসস্থান ও অনান্য খাতে ব্যয় করার জন্য কোন অর্থ অবশিষ্ট থাকে না;<br>▪ ভূমিহীন বয়স্ক ব্যক্তি। | ▪ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ;<br>▪ নির্বাচিত ভাতাভোগীকে বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে প্রতিমাসে প্রদান করা। তবে কেউ এককালীন উত্তোলন করতে চাইলে তিনি নির্ধারিত সময়ের শেষে উত্তোলন করবেন;<br>▪ ভাতাগ্রহীতার নমিনীকে ভাতাভোগীর মৃত্যুর পূর্বে প্রাপ্ত বকেয়া টাকা এবং | ▪ শহর সমাজসেবা কার্যালয় (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে)<br>▪ উপজেলা সমাজসেবা কার্যালয় (উপজেলা ও ‘গ’ শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে)<br>▪ জেলা সমাজসেবা কার্যালয় (‘ক’ ও ‘খ’ শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে) |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | মৃত্যুর পর তিন মাস পর্যন্ত ভাতার টাকা উত্তোলন করা যাবে। | |
| ৭. | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম | ▪ সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান। এ জন্য ২০০৯-১০ অর্থ বছরে নির্বাচিত প্রতিবন্ধী ব্যক্তিদের জনপ্রতি মাসিক ৩০০ টাকা হারে ভাতা প্রদান। | ▪ ৬ বছরের উর্ধে সকল ধরণের প্রতিবন্ধী ব্যক্তি যিনি বয়স্কভাতা কিংবা সরকার কর্তৃক অন্য কোন ভাতা পান না; যিনি চাকুরীজীবী কিংবা পেনশনভোগী নন;<br>▪ প্রতিবন্ধী ব্যক্তি যাদের বার্ষিক মাথাপিছু পারিবারিক আয় ২৪,০০০ (চব্বিশ হাজার) টাকার কম | ▪ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ;<br>▪ নির্বাচিত ভাতাভোগীকে বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে প্রতিমাসে প্রদান। তবে কেউ এককালীন উত্তোলন করতে চাইলে তিনি নির্ধারিত সময়ের শেষে উত্তোলন করবেন; | ▪ উপজেলা সমাজসেবা কার্যালয় (উপজেলা ও উপজেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে)<br>▪ শহর সমাজসেবা কার্যালয় (সিটি কর্পোরেশন/ জেলাপর্যায়ের 'ক' ও 'খ' শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে) |
| ৮. | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | প্রতিবন্ধী শিক্ষার্থীদের ৪টি স্তরে বিভক্ত করে নিম্নরূপ হারে উপবৃত্তির প্রদান:-<br>▪ প্রাথমিক স্তর (১ম-৫ম শ্রেণী): জনপ্রতি মাসিক ৩০০ টাকা;<br>▪ মাধ্যমিক স্তর (৬ষ্ঠ--১০ম শ্রেণী): জনপ্রতি মাসিক ৪৫০ টাকা;<br>▪ উচ্চ মাধ্যমিক স্তর (একাদশ ও দ্বাদশ শ্রেণী): জনপ্রতি মাসিক ৬০০ টাকা;<br>▪ উচ্চতর স্তর (স্নাতক ও স্নাতকোত্তর): জনপ্রতি | ▪ সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ বছর বয়সের উর্ধে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী, যাদের বার্ষিক মাথাপিছু পারিবারিক আয় ৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকার নিচে । | ▪ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নতুন উপবৃত্তি গ্রহণকারী নির্বাচনসহ উপবৃত্তি বিতরণ এবং নিয়মিতভাবে শিক্ষাকালীন সময়ে; | ▪ উপজেলা সমাজসেবা কার্যালয় (উপজেলা ও পৌরসভার ক্ষেত্রে)<br>▪ শহর সমাজসেবা কার্যালয় (সিটি কর্পোরেশন/ জেলাপর্যায়ে অবস্থিত 'ক' ও 'খ' শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে) |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | মাসিক ১০০০ টাকা; | | | |
| ৯. | মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা | ▪ সরকার কর্তৃক নির্ধারিত হারে ভাতা প্রদান। ২০০৯-১০ অর্থ বছরে প্রত্যেক অসচ্ছল মুক্তিযোদ্ধাকে মাসিক জনপ্রতি ১৫০০ টাকা হারে ভাতা প্রদান। | ▪ মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী যার বার্ষিক আয় ১২,০০০ টাকার উর্ধে নয়;<br>▪ মুক্তিযোদ্ধা বলতে জাতীয়ভাবে প্রকাশিত ৪টি তালিকার কমপক্ষে দুটি তালিকায় অর্ন্তভুক্ত, সশস্ত্র বাহিনী বিভাগ এবং বাংলাদেশ রাইফেল্‌স্ হতে প্রাপ্ত মুক্তিযোদ্ধা তালিকায় যাদের নাম অর্ন্তভুক্ত আছে বা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কর্তৃক প্রকাশিত গেজেট বা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপ্রাপ্ত মুক্তিযোদ্ধা।<br>▪ এক্ষেত্রে কর্মক্ষম নন বা আংশিক কর্মক্ষম/ ভূমিহীন/কর্মহীন/সহায় সম্বলহীন মুক্তিযোদ্ধাগণ অগ্রাধিকার পাবেন; | ▪ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৬ মাসের মধ্যে নতুন ভাতাভোগী নির্বাচনসহ ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ<br>▪ মুক্তিযোদ্ধা সম্মানীভাতা প্রতিমাসে প্রদান করা হয়, তবে কেউ ইচ্ছা করলে একাধিক মাসের বকেয়া ভাতা একত্রে উত্তোলন করতে পারবেন । | ▪ উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সিটি কর্পোরেশন এলাকার থানাসমূহের ক্ষেত্রে)<br>▪ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কার্যালয় (উপজেলা ও উপজেলা পর্যায়ের ‘ক’ ‘খ’ ও ‘গ’ শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে) |
| | **এতিম, অবহেলিত, দুস্থ ও বিপন্ন শিশুদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন** | | | | |
| ১০. | সরকারি শিশু পরিবারে এতিম শিশু প্রতিপালন ও পুনর্বাসন | ▪ অনূর্ধ ১৮ বছর বয়স পর্যন্ত এতিম শিশুদের প্রতিপালন।<br>▪ পারিবারিক পরিবেশে স্নেহ-ভালবাসা ও আদর-যত্নের সাথে এতিম শিশুদের লালন পালন।<br>▪ শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান।<br>▪ নিবাসীদের শারীরিক, বুদ্ধিবৃত্তিক ও মানবিক উৎকর্ষ সাধন।<br>▪ পুনর্বাসন ও স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা। | ▪ ৬ থেকে ৯ বছর বয়সী এতিম অর্থাৎ পিতৃহীন বা পিতৃ-মাতৃহীন দরিদ্র শিশুকে কে ভর্তি করার পর ১৮ বছর বয়স পর্যন্ত সেবা প্রদান করা হয়।। | ▪ শিশু পরিবারে ভর্তির জন্য আবেদনপত্র প্রাপ্তির পর আসন খালি থাকা সাপেক্ষে ১ মাসের মধ্যে প্রক্রিয়া চূড়ান্তকরণ।<br>▪ শিশুর বয়স ১৮ বছর হওয়া পর্যন্ত বিভিন্ন ধরণের সেবা প্রদান। | ▪ জেলা সদর ও কিছু উপজেলায় অবস্থিত ৪৩টি বালক, ৪১টি বালিকা ১টি মিশ্র সর্বমোট মোট ৮৫টি সরকারি শিশু পরিবার। |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১১. | ছোটমনি নিবাসে শিশু প্রতিপালন ও পুনর্বাসন | ▪ মাতৃস্নেহে শিশুদের প্রতিপালন, রক্ষণাবেক্ষণ, খেলাধুলা ও সাধারণ শিক্ষা প্রদান। | ▪ পিতৃ-মাতৃ পরিচয়হীন বা দাবিদার বিহীন ০-৭ বছর বয়সী পরিত্যক্ত/পাচার হতে উদ্ধারকৃত শিশু। | বিভিন্ন উৎস হতে প্রাপ্ত পিতৃ-মাতৃ পরিচয়হীন বা দাবিদার বিহীন শিশুদের বিষয়ে তথ্য প্রাপ্তির পর তাৎক্ষণিক এবং ভর্তির বয়স ৭ বছর পূর্ণ হওয়া পর্যন্ত। ৭ বছর হওয়ার পর শিশুদের সরকারি শিশু পরিবারে স্থানান্তর করে ১৮ বছর বয়স পর্যন্ত সেবা দেয়া হয়। | ছোটমনি নিবাস<br>▪ আজিমপুর, ঢাকা<br>▪ রৌফাবাদ, চট্টগ্রাম<br>▪ রাজশাহী<br>▪ বাগবাড়ী, সিলেট<br>▪ মহেশ্বরপাশা, খুলনা<br>▪ বরিশাল। |
| ১২. | দিবাকালীন শিশু যত্ন কার্যক্রম | কর্মজীবী মায়েদের দিবাভাগে কর্মকালীন সময়ে তাদের শিশুদের রক্ষণা-বেক্ষণ।<br>শিশুদের অবস্থানকালীন সময়ে আহার, প্রাক-প্রাথমিক শিক্ষা, খেলাধুলা ও বিনোদন। | ▪ কর্মজীবী দরিদ্র মহিলা;<br>▪ কর্মজীবী দরিদ্র মায়েদের ৫-৯ বছর বয়সী সন্তান। | ▪ আসন খালি সাপেক্ষে তাৎক্ষণিকভাবে ভর্তি<br>▪ ভর্তির পর শিশুর বয়স ৯ বছর পর্যন্ত সেবা প্রাপ্য।<br>▪ প্রতিদিন সকাল ৭.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র, আজিমপুর, ঢাকা। |
| ১৩. | দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম | ▪ দুস্থ , দরিদ্র ও পথ শিশুদের ভর্তি<br>▪ ভর্তিকৃত শিশুদের ভরণ-পোষণ, শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান<br>▪ শিশুদের খেলাধুলা ও বিনোদনের ব্যবস্থাকরণ<br>▪ শিশুদের যথাযথ মর্যাদা ও অধিকার সুরক্ষার | ▪ দরিদ্র, অসহায়, ছিন্নমূল দুস্থশিশু। | ▪ কেন্দ্রে শিশুর ভর্তির আবেদনের ১ মাসের মধ্যে ভর্তি করা হয় এবং ভর্তির পর ১৮ বছর পর্যন্ত শিশুকে প্রাতিষ্ঠানিক সেবা দেয়া | দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র<br>▪ কোনাবাড়ী, গাজীপুর<br>▪ রাঙ্গুনিয়া, চট্টগ্রাম<br>▪ টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ভিত্তিতে প্রতিপালন<br>▪ শিশুদের পুনর্বাসন | | হয়। | |
| ১৪. | প্রাক বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম | ▪ সরকারি শিশু পরিবারের শিশুদের প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান | ▪ সরকারি শিশু পরিবারের প্রতিপালিত এতিম শিশু। | ▪ নির্দিষ্ট | প্রাক বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র<br>▪ তেজগাঁও, ঢাকা<br>▪ বাবুরহাট, চাঁদপুর<br>▪ বায়া, রাজশাহী<br>▪ মূলঘর, বাগেরহাট<br>▪ আজিমপুর, ঢাকা |
| ১৫. | বিপন্ন শিশুদের সুরক্ষা কার্যক্রম | ▪ ড্রপ-ইন-সেন্টার (রাত্রি ও দিবাকালীন) থাকা ও খাওয়ার ব্যবস্থা<br>▪ জনসাধারণ, সমাজকর্মী এবং শিশুদের সচেতনতা সৃষ্টি<br>▪ শিশুর মানসিক বিকাশের জন্য বিনোদনমূলক কর্মকান্ড<br>▪ শিশুর প্রাথমিক শিক্ষা<br>▪ শিশুর স্বাস্থ্যসেবা<br>▪ শিশুর মনো-সামাজিক পরামর্শ ও জীবনদক্ষতামূলক প্রশিক্ষণ<br>▪ শিশুর বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ<br>▪ শিশুর পুনর্বাসনের জন্য শ্রমবাজার জরিপ<br>▪ শিশুর কর্মসংস্থানের (বেতনভুক্ত ও স্বকর্মসংস্থান) ব্যবস্থা<br>▪ শিশুকে আইনগত সহায়তা প্রদান | ক. পথশিশু<br>লক্ষ্যভুক্ত পথশিশুরা হচ্ছে ৬ থেকে ১৮ বছরের শিশু যারা:<br>▪ পরিবার ছাড়া একাকি দিন রাত রাস্তায় কাজ করে এবং রাস্তায়ই ঘুমায়<br>▪ দিন রাত রাস্তায় কাজ করে এবং পরিবারসহ রাস্তায় ঘুমায়<br>▪ রাস্তায় কাজ করে এবং দিনশেষে পরিচিত জনের কাছে ফিরে যায়<br>▪ রাস্তায় কাজ করে এবং দিনশেষে পরিবারের কাছে ফিরে যায়<br>খ. প্রতিষ্ঠানে লালিত শিশু/মাতাপিতার যত্ন থেকে বঞ্চিত শিশু<br>বাংলাদেশে পথশিশু ছাড়া যে সকল শিশু সরকারি বেসরকারি এতিমখানা, সরকারি | প্রকল্প মেয়াদ পর্যন্ত এবং শিশুর বয়স ১৮ পর্যন্ত। | ▪ বর্তমানে দেশের ছয়টি বিভাগীয় শহরের (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী. খুলনা, সিলেট, বরিশাল) ৯টি প্যাকেজ এলাকার ১৮টি কেন্দ্রের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে। |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ▪ শিশু উন্নয়নে সংশ্লিষ্ট পক্ষসমূহের মধ্যে নেটওয়ার্ক স্থাপন<br>▪ শিশু উন্নয়নে এডভোকেসি<br>▪ শিশুকে পরিবার ও সমাজে পুনঃএকত্রিকরণ | আশ্রয়কেন্দ্র, সেফ হোম, উন্নয়ন কেন্দ্র, আবাসিক মাদ্রাসা ইত্যাদি বিভিন্ন প্রতিষ্ঠানে প্রতিপালিত শিশু, সার্বক্ষণিক কাজে নিয়োজিত, দণ্ড প্রাপ্ত মাতাপিতার সাথে জেলখানায় থাকা শিশুদেরকেই মাতাপিতার যত্ন-বঞ্চিত বলা হয়। | | |
| | **প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা, প্রতিপালন, কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন** | | | | |
| ১৬. | প্রতিবন্ধিতা সনদ প্রদান | প্রতিবন্ধিতা সনদ প্রদান | প্রতিবন্ধী ব্যক্তি | প্রয়োজনীয় তথ্য সহ আবেদনের ১ দিনের মধ্যে | ▪ ৬৪টি জেলা সমাজসেবা কার্যালয় |
| ১৭. | সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম | ▪ দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের সমন্বিতভাবে সাধারণ ছাত্রছাত্রীদের সাথে আনুষ্ঠানিক শিক্ষা প্রদান<br>▪ দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রদের আবাসিক/অনাবাসিক থাকার ব্যবস্থা ও ভরণ-পোষণ<br>▪ ব্রেইল পদ্ধতির মাধ্যমে শিক্ষা দানের ব্যবস্থাকরণ<br>▪ বিনা মূল্যে ব্রেইল বই ও অন্যান্য সহায়ক শিক্ষা উপকরণ সরবরাহ<br>▪ দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রদের জন্য থাকা-খাওয়ার হোস্টেল সুবিধা প্রদান<br>▪ দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রদের পুনর্বাসন। | দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র। | ▪ আবেদন প্রাপ্তির ১ মাসের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ<br>▪ ভর্তির পর হতে এস এস সি পরীক্ষার সময় পর্যন্ত কার্যক্রমের সকল সুযোগ-সুবিধা প্রদান | ▪ ৬৪ জেলায় ৬৪টি বিদ্যালয় |
| ১৮. | শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় পরিচালনা | ▪ শ্রবণ প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ইশারা ভাষা শিক্ষা<br>▪ শ্রবণ প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের সাধারণ শিক্ষা;<br>▪ শ্রবণ প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের আবাসিক/অনাবাসিক সুযোগ সুবিধা প্রদান | শ্রবণ প্রতিবন্ধী শিশু যাদের বয়স ৬ থেকে ১৬ বছর। | ▪ আসন শূন্য সাপেক্ষে আবেদন প্রাপ্তির পর সর্বোচ্চ ১ মাসের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>▪ মিরপুর, ঢাকা।<br>▪ গোয়ালখালী, খুলনা।<br>▪ মুরাদপুর, চট্টগ্রাম। |

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির সময়সীমা | সেবাদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ▪ আবাসিক ছাত্রদের জন্য বিনামূল্যে ভরণ-পোষণ, বৃত্তিমূলক প্রশিক্ষণ<br>▪ চিকিৎসা সেবা,খেলাধুলা, চিত্তবিনোদনের ব্যবস্থা করা<br>▪ শ্রবণ প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের পুনর্বাসন। | | ▪ ভর্তির পর এস এস সি পরীক্ষা পর্যন্ত প্রাতিষ্ঠানিক সুযোগ সুবিধা প্রদান | ▪ ষষ্টিতলা, রাজশাহী।<br>▪ সাগরদী, বরিশাল।<br>▪ বাবুরহাট, চাঁদপুর।<br>▪ রাজবাড়ী মোড়, ফরিদপুর। |
